



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৮-২০১৯/১৩৩৬

তারিখ : ২৭.১২.২০১৮

সকল শাখা ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক

বিষয়: প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত তহবিল এবং শাখা হতে প্রেরিত তহবিলের উপর সুদ চার্জ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ১২.০৯.২০১৭, ১৯.০৩.২০১৮, ২৫.০৯.২০১৮ ও ১১.১২.২০১৮ তারিখের যথাক্রমে সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৭-২০১৮/৩২৩, ১৪৮৫ এবং কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৮-২০১৯/ ৪৮৪ ও ১১১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত সার্কুলার লেটারে শাখাসমূহকে ০১.০৭.২০১৭ তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রধান কার্যালয়/অন্য শাখা থেকে শাখায় প্রাপ্ত তহবিলের উপর পুরাতন শাখাসমূহের ক্ষেত্রে ৭% (নতুন শাখার ক্ষেত্রে প্রথম অর্থ বছরে ৫%) হারে এবং শাখা থেকে প্রধান কার্যালয়ে/অন্য শাখায় প্রেরিত তহবিলের উপর বাৎসরিক ৮% হারে ত্রৈমাসিক ভিত্তিক (দৈনিক প্রডাক্ট ভিত্তিতে) সুদ চার্জ করে সুদ চার্জের সিটসহ ক্রেডিট/ডেবিট এডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এছাড়া, এ বিভাগের ২৭.০৬.২০১৮ তারিখের সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৭-২০১৮/২২২৫ এর মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরিত তহবিলের উপর সুদ চার্জের সময় কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কিম (কেবিটিডিএস) হিসাবের গ্রাহককে প্রদানকৃত সুদ হারের চাইতে অতিরিক্ত ১% হারে সুদ চার্জ করে আয় খাতভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়।

০৪। কর্মসংস্থান ব্যাংক মনিটরিং কমিটির ১৮.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত ১০ম সভায় (ক) প্রধান কার্যালয়/অন্যান্য শাখা হতে প্রাপ্ত তহবিলের উপর ত্রৈমাসিক সুদ চার্জের সময় কোন শাখা, আঞ্চলিক কার্যালয়/ বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/ বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা ও অন্যান্য খরচ বাবদ নগদে প্রদানকৃত মোট টাকার উপর সুদ চার্জ না করার সিদ্ধান্ত গৃহীত এবং (খ) শাখার কর্মকর্তা/ কর্মচারীগণ যে পরিমাণ কেবিটিডিএস সংগ্রহ করবেন শুধুমাত্র সে পরিমাণ কেবিটিডিএস এর উপর বিদ্যমান নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট কেবিটিডিএস—এ উল্লেখিত হার অপেক্ষা ১% বেশী হারে সুদ আয় শাখা প্রাপ্য হবে। এছাড়া, প্রধান কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ কর্তৃক সংগৃহীত কেবিটিডিএস এর ক্ষেত্রে শাখা যে হারে কেবিটিডিএস এর সুদ প্রদান করবে সে হারে সুদ চার্জ করে শাখা আয় খাত হিসাবভুক্ত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। এমতাবস্থায়, কর্মসংস্থান ব্যাংক মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক শাখাসমূহকে তহবিল সংগ্রহে উদ্বুদ্ধ করা এবং শাখাসমূহকে তহবিলের সুদ চার্জের সময় নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার পরামর্শ দেয়া হলো :


ক) প্রধান কার্যালয়/অন্যান্য শাখা হতে প্রাপ্ত তহবিলের উপর ত্রৈমাসিক সুদ চার্জের সময় কোন শাখা কর্তৃক আঞ্চলিক কার্যালয়/ বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/ বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ০১.০৭.২০১৮ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বেতন ভাতা ও অন্যান্য খরচ বাবদ নগদে প্রদানকৃত মোট টাকার উপর সুদ চার্জ না করে অবশিষ্ট তহবিলের উপর বিদ্যমান হারে (দৈনিক প্রডাক্ট ভিত্তিতে) সুদ চার্জ করে সুদ চার্জের সিটসহ ক্রেডিট এডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

ক্রমশ পৃষ্ঠা নং-০২

খ) শাখার / আঞ্চলিক কার্যালয় / বিভাগীয় নিরীক্ষা কার্যালয় / বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ যে পরিমাণ কেবিটিডিএস সংগ্রহ করবেন শুধুমাত্র সে পরিমাণ কেবিটিডিএস এর উপর বিদ্যমান নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট কেবিটিডিএস গ্রাহককে প্রদানকৃত সুদ হারের চাইতে অতিরিক্ত ১% হারে সুদ আয় শাখা প্রাপ্য হবে। এছাড়া, প্রধান কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণ কর্তৃক সংগৃহীত কেবিটিডিএস এর ক্ষেত্রে গ্রাহককে প্রদানকৃত সুদ হারের একই হারে সুদ চার্জ করে (হিসাব কোড নং ০৪০২০৯) আয় খাতভুক্ত করাতে হবে এবং যথারীতি ডেবিট এডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

গ) উপরোল্লিখিত সার্কুলার লেটার সমূহের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-


আপনার কিম্বদন্ত

 (মোঃ আওরাজ্জেব)
 উপ-মহাব্যবস্থাপক

পত্র সূত্র নং- কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৮-২০১৯/ ২৩৩৬ (৩০১)

তারিখ: ২৭.১২.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগকে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো;
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক /বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়;
- ৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
- ৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয়;
- ৮। অফিস নথি।


 ২৭.১২.২০১৮
 (মোহাম্মদ জাকির হোসেন)
 সহকারী মহাব্যবস্থাপক